দৈনিক ইনকিলাব

তারিখ ... 05 JUN 1994
পৃষ্ঠা ৮ কলাম ৭

সরকার উচ্চতর গবেষণায় উৎসাহ যোগাবে

# শিক্ষার উচ্চতর মান নিশ্চিত করতে প্রধানমন্ত্রীর গুরুত্ব আরোপ

সরকার দেশে গবেষণা কর্মকে উৎসাহ দান এবং উচ্চতর গবেষণা তৎপরতা উন্নয়নে বাৎসরিক ৬টি জাতীয় ফেলোশীপের জন্যে বাংলাদেশ এশিয়াটিক সোসাইটিকে তহবিল প্রদান করবে। খবর বাসস'র।

সরকারের উদ্যোগে এশিয়াটিক সোসাইটির তত্ত্বাবধানে এই ফেলোশীপ প্রদান, এ ধরনের প্রথম ফেলোশীপ।

এশিয়াটিক সোসাইটির সভাপতি ডঃ সিরাজুল হকের নেতৃত্বে সোসাইটির একটি প্রতিনিধি দল গতকাল প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার সঙ্গে তাঁর অফিসে সাক্ষাৎ করলে প্রধানমন্ত্রী একথা ঘোষণা করেন।

প্রধানমন্ত্রী বেগম জিয়া বলেন, তাঁর সরকার প্রাথমিক শিক্ষা ও নারী শিক্ষার পাশাপাশি উচ্চতর শিক্ষা ও গবেষণায় যথাযথ গুরুত্ব প্রদান করেছে। তিনি দেশের উন্নয়নে শিক্ষার উচ্চতর মান নিশ্চিত করার প্রয়োজনের উপর জোর দেন।

এশিয়াটিক সোসাইটির প্রতিনিধি দলে ছিলেন ডঃ আব্দুল মমিন চৌধুরী, অধ্যাপক মোহাম্মদ হারুনুর রশীদ, লুৎফর রহমান সরকার ও ডঃ এম শাহজাহান মিয়া।

সংস্কৃতি প্রতিমন্ত্রী অধ্যাপিকা জাহানারা বেগম এ উপলক্ষে উপস্থিত ছিলেন।